

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৯৮

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৩. প্রথম অনুচ্ছেদ - বংশগৌরব ও পক্ষপাতিত্ব

بَابُ الْمُفَاخَرَةِ وَالْعَصَبِيَّةِ

### আরবী

وَعَن عياضِ بن حمارٍ المجاشعيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: إِنَّ اللَّهَ أُوْحَى إِلَيَّ: أَنْ تَوَاضَعُوا حَتَّى لَا يَفْخَرَ أَحَدٌ عَلَى أَحَدٍ وَلَا يبغيَ أحدٌ على أحد . رَوَاهُ مُسلم

#### বাংলা

৪৮৯৮-[৬] 'ইয়ায ইবনু হিমার আল মুজাশি'ঈ (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলা আমাকে ওয়াহীর মাধ্যমে জানিয়েছেন যেন তোমরা পরস্পর বিনয়ী হও। এমনকি এক ব্যক্তি যেন অন্য ব্যক্তির ওপর গৌরব না করে এবং এক ব্যক্তি অপর ব্যক্তির ওপর অত্যাচার না করে। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৬৪-(২৮৬৫), ইবনু মাজাহ ৪১৭৯, সিলসিলাতুস্ সহীহাহ্ ৫৭০, সহীহুল জামি' ১৭২৫, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৮৯০, শু'আবুল ঈমান ৮১৩৩, হিলইয়াতুল আওলিয়া ২/১৭, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ২১৬১৩।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (وَلَا يَبْغِيَ أَحَدٌ عَلَى أَحَدٍ) অহংকারী ব্যক্তি বলা হয় ঐ ব্যক্তিকে, যে নিজেকে সকলের চেয়ে বড় ভাবে। সকলের চেয়ে তার মান-সম্মান উপরে মনে করে। আর সে কারো আনুগত্য করে না। কাউকে পরোয়া করে না। (মিরক্বাতুল মাফাতীহ)



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ইয়ায ইবনু হিমার আল মুজাশি'ঈ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন